গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নম্বর- ৩৮.০০.০০০০.১০৭.০৬.০০৩.১৭- ০৫

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩১ / ১১ আগস্ট ২০২৪

শোক বার্তা

জনাব মো: নজরুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), তালতলী, বরগুনা গত ০৬ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ সকাল ০৮.১৫ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। জনাব মো: নজরুল ইসলাম ০৩/০৫/১৯৭০ খ্রি. তারিখে বাগেরহাট জেলাধীন চিতলমারী উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি গত ২৭/০৬/২০০০ খ্রি. তারিখে সহকারী উপজেলা শিক্ষা অফিসার হিসেবে যোগদান করেন। তিনি প্রাথমিক শিক্ষা বিভাগের মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরে দায়িত্ব পালন করেছেন। তিনি বরগুনা জেলাধীন তালতলী উপজেলায় গত ১৪/১২/২০২৩ খ্রি. তারিখ উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব) পদে যোগদান করে দায়িত্ব পালন করেন।

৩। মরহুম মো: নজরুল ইসলাম চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী, দুই (০২) মেয়ে ও এক (০১) ছেলে সন্তানসহ আত্মীয়স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জনাব মো: নজরুল ইসলাম-এর অকাল অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

১১/০৮/২০২৪
মোঃ আব্দুস সামাদ
মহাপরিচালক
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com